**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
জাতীয় রাজস্ব বোর্ড

**(কাস্টমস্)**

**প্রজ্ঞাপন**

তারিখ ঃ ২৮ জ্যৈষ্ঠ, ১৪১৬ বঙ্গাব্দ/১১ জুন, ২০০৯ খ্রিস্টাব্দ।

এস,আর,ও নং ১৫০-আইন/২০০৯/২২৫৩/শুল্ক।- Customs Act, 1969 (Act IV of 1969) এর section 219(1) এ প্রদত্ত ক্ষমতাবলে, THIRD SCHEDULE এর item 21 এর সহিত পঠিতব্য, জাতীয় রাজস্ব বোর্ড, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথাঃ-

**১। সংক্ষিপ্ত শিরোনাম।- (১)** এই বিধিমালা কাস্টমস্ এজেন্টস্ (লাইসেন্সিং) বিধিমালা, ২০০৯ নামে অভিহিত হইবে।

**২। সংজ্ঞা ঃ-** বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কিছু না থাকিলে, এই বিধিমালায়-

(ক) "আইন" অর্থ, Customs Act 1969, (Act IV of 1969);

(খ) "কাস্টমস্ এজেন্ট" অর্থ কাস্টম হাউজ বা কাস্টমস্ স্টেশনে কোন যানবাহনের প্রবেশ বা খালাস অথবা কোন আমদানিকৃত বা রপ্তানিতব্য পণ্যের চালান বা ব্যাগেজ সংশ্লিষ্ট কাজ সম্পাদনকারী ব্যক্তি বা প্রতিষ্ঠান;

(গ) "কাস্টমস্ সরকার" অর্থ বিধি ১৫ এর অধীন নিযুক্ত কাস্টমস সরকার;

(ঘ) "খোদ-খালাস" অর্থ বিধি ১০ এর অধীন খোদ-খালাস;

(ঙ) "গ্রাহক" অর্থ এমন ব্যক্তি বা প্রতিষ্ঠান যিনি বিদেশ হইতে কোন পণ্য আমদানি বা বিদেশে কোন পণ্য রপ্তানি করেন;

(চ) "ফরম" অর্থ এই বিধিমালার ফরম;

(ছ) "বোর্ড" অর্থ আইনের section 2(e) এ সংজ্ঞায়িত জাতীয় রাজস্ব বোর্ড;

(জ) "রেফারেন্স লাইসেন্স" অর্থ বিধি ১২ এর অধীন প্রদত্ত রেফারেন্স লাইসেন্স;

(ঝ) “লাইসেন্স” অর্থ কাস্টমস্ এজেন্ট হিসাবে কার্য সম্• াদনের জন্য বিধি ৬ এর অধীন প্রদত্ত লাইসেন্স;

(ঞ) “লাইসেন্সি” অর্থ বিধি ৬ এর অধীন লাইসেন্স প্রাপ্ত কাস্টমস্ এজেন্ট;

(ট) “লাইসেন্সিং কর্তৃপক্ষ” অর্থ বিধি ৩ এর অধীন গঠিত লাইসেন্সিং কর্তৃপক্ষ;

৩। **লাইসেন্সিং কর্তৃপক্ষ**।- এই বিধিমালার উদ্দেশ্য প–রণকল্পে, সংশি-ষ্ট কাস্টম হাউজ বা কমিশনারেটে কর্মরত জ্যেষ্ঠতম যুগ্ম কমিশনার এবং জ্যেষ্ঠতম ডেপুটি কমিশনার অথবা ডেপুটি কমিশনার না থাকিলে জ্যেষ্ঠতম সহকারী কমিশনার সমন্বয়ে লাইসেন্সিং কর্তৃপক্ষ গঠিত হইবে।

৪। **লাইসেন্সিং কর্তৃপক্ষের দায়িত্ব**।- লাইসেন্সিং কর্তৃপক্ষের দায়িত্ব হইবে নিম্নরূপ, যথাঃ-

(ক) লাইসেন্সের জন্য আবেদনপত্র গ্রহণ;

(খ) প্রাপ্ত আবেদনপত্র বিবেচনা;

(গ) লাইসেন্স প্রদান;

(ঘ) লাইসেন্স নবায়ন;

(ঙ) লাইসেন্স সাময়িকভাবে স্থগিত;

(চ) লাইসেন্স বাতিল;

(ছ) লাইসেন্সির বির“ দ্ধে শাস্@ম–লক ব্যবস্থা হিসাবে অর্থদন্ড আরোপ;

(জ) লাইসেন্সিং কার্যক্রমের তদারকি;

(ঝ) আইন ও এই বিধিমালার অধীন অর্পিত যে কোন দায়িত্ব পালন।

৫। **লাইসেন্সের জন্য আবেদন**।- এই বিধিমালার অধীন কাস্টমস্ এজেন্ট লাইসেন্স প্রাপ্তির জন্য লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট নিম্নবর্ণিত কাগজপত্রাদিসহ ফরম-ক তে আবেদন করিবে; যথাঃ-

**(১)** নিজ এলাকার চেয়ারম্যান বা ওয়ার্ড কমিশনার কর্তৃক নাগরিকত্ব সনদপত্রের সত্যায়িত কপি;

**(২)** নিজ এলাকার চেয়ারম্যান বা ওয়ার্ড কমিশনার অথবা **১**ম শ্রেনীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রত্যায়িত চরিত্রিক সনদপত্র;

**(৩)** স্নাতক পরীক্ষায় উত্তীর্ণ হইবার সনদপত্রের সত্যায়িত কপি;

(৪) বয়স প্রমাণের জন্য জন্মনিবন্ধন সনদ অথবা বয়স প্রমাণ সংক্রান্ত সনদের সত্যায়িত কপি;

(৫) কাস্টমস্ এক্সাইজ ও ভ্যাট একাডেমীতে প্রশিক্ষণ গ্রহণের সত্যায়িত সনদপত্র;

(৬) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি, যদি থাকে;

(৭) লাইসেন্সিং কর্তৃপক্ষের অনুকূলে আবেদন ফি হিসাবে ৫ (পাঁচ) হাজার টাকার অফেরতযোগ্য ট্রেজারী চালান বা ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার;

(৮) আর্থিক স্বচ্ছলতার স্বপক্ষে ব্যাংকের সনদপত্র;

(৯) টি, আই, এন, সনদপত্র [Taxpayer Identification Number (TIN)];

(১০) ট্রেড লাইসেন্সের হালনাগাদ সত্যায়িত কপি;

(১১) মূল্য সংযোজন কর নিবন্ধন সনদপত্রের সত্যায়িত কপি;

(১২) আবেদনকারী যৌথ মালিকানাধীন ফার্ম হইলে, যৌথ কারবারের চুক্তিপত্রের সত্যায়িত কপি;

(১৩) আবেদনকারী কোন কোম্পানী হইলে, উক্ত কোম্পানীর নিবন্ধন সনদপত্র, মেমোরেন্ডাম অব এসোসিয়েশন এবং আর্টিকেলস অব এসোসিয়েশনের সত্যায়িত কপি।

৬। **লাইসেন্স প্রদান**।- (১) বিধি ৫ এর অধীন কোনো আবেদন প্রাপ্তির পরবর্তী ৩০ (ত্রিশ) কার্য দিবসের মধ্যে লাইসেন্সিং কর্তৃপক্ষ, উক্ত আবেদনপত্র এবং উহার সহিত দাখিলকৃত কাগজপত্র বাছাই ও পরীক্ষান্তে উক্ত আবেদনপত্র প্রাথমিকভাবে গ্রহন বা বাতিল করিবে অথবা প্রয়োজনে, এতদ্‌সংশ্লিষ্ট অন্য যে কোন তথ্য সরবরাহ করিবার জন্য আবেদনকারীকে নির্দেশ দিতে পারিবে।

(২) বিধি (১) এর অধীন আবেদনপত্র গৃহীত হইলে পরবর্তী ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে লাইসেন্সিং কর্তৃপক্ষ লিখিত পরীক্ষা বা মৌখিক সাক্ষাৎকার অথবা উভয় মাধ্যমে আইন ও তদসংশ্লিষ্ট অন্যান্য বিষয়াদি সম্পর্কে আবেদনকারীর জ্ঞান ও গ্রাহককে যথাযথ সেবা প্রদানের যোগ্যতা যাচাইপূর্বক লাইসেন্স প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করিবে।

(৩) উপ-বিধি (২) এর অধীন লাইসেন্স প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হইলে, উক্ত সিদ্ধান্ত লিখিতভাবে আবেদনকারীকে অবহিত করিবে।

(৪) উপ-বিধি (৩) এর অধীন লাইসেন্স প্রাপ্তির বিষয়ে সিদ্ধান্ত অবহিত হইবার ১৫ (পনের) কার্য দিবসের মধ্যে লাইসেন্স প্রাপ্তির জন্য আবেদনকারীকে নিম্নবর্ণিত ফি এবং দলিল লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে, যথাঃ-

(ক) কাস্টম হাউজের ক্ষেত্রে ২০ (বিশ) হাজার টাকা এবং ল্যান্ড কাস্টমস স্টেশনের ক্ষেত্রে ১০ (দশ) হাজার টাকার ট্রেজারী চালান বা ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার;

(খ) ফরম-খ এর অধীন সম্পাদিত কাস্টম হাউজের ক্ষেত্রে ২ (দুই) লক্ষ টাকা এবং ল্যান্ড কাস্টমস স্টেশনের ক্ষেত্রে ১ (এক) লক্ষ টাকার নিরাপত্তা জামানতের কপি;

(গ) ফরম-গ এর অধীন সম্পাদিত কাস্টম হাউজের ক্ষেত্রে ১ (এক) লক্ষ টাকা এবং ল্যান্ড কাস্টমস স্টেশনের ক্ষেত্রে ৫০ (পঞ্চাশ) হাজার টাকার বন্ড এর কপি;

(ঘ) লাইসেন্সের অধীন কার্যাবলী সম্পাদনের জন্য প্রয়োজনীয় সংখ্যক কর্মচারী নিয়োগের প্রতিশ্রুতিপত্র;

(ঙ) লাইসেন্সের অধীন কার্যাবলী পরিচালানার উদ্দেশ্যে অফিস স্থাপন সংক্রান্ত অফিস ভবনের ভাড়ার চুক্তি বা উক্ত ভবনের মালিকানার স্বপক্ষে দলিলপত্র;

(চ) প্রয়োজনীয় তথ্য-প্রযুক্তির সক্ষমতার বিবরণী;

(ছ) লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট সততা, নিষ্ঠা ও পেশাগত দক্ষতার সহিত দায়িত্ব পালনের অঙ্গীকারনামা;

(জ) আংশিক বিদেশী মালিকানাধীন কোম্পানী বা প্রতিষ্ঠানের ক্ষেত্রে, কোম্পানী আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন) এর অধীন নিবন্ধনের সনদপত্র;

(৫) উপ-বিধি (৪) এ উলিখিত ফি এবং দলিলাদি প্রাপ্তির পর লাইসেন্সিং কর্তৃপক্ষ ১৫(পনের) কার্য দিবসের মধ্যে ফরম-ঘ তে আবেদনকারীকে লাইসেন্স প্রদান করিবে।

(৬) যদি কোনো কারণে লাইসেন্স প্রদান না করিবার সিদ্ধান্ত গৃহীত হয়, তাহা হইলে লাইসেন্সিং কর্তৃপক্ষ উক্ত সিদ্ধান্তের কারণ লিখিতভাবে সিদ্ধান্ত গ্রহনের ৭ (সাত) কার্য দিবসের মধ্যে আবেদনকারীকে অবহিত করিবে।

৭। **লাইসেন্স প্রদানের ক্ষেত্রে নিষেধাজ্ঞা।**- এই বিধিমালার অন্যান্য বিধিতে যাহা কিছুই থাকুক না কেন, সম্পূর্ণ বিদেশী মালিকানাধীন কোন প্রতিষ্ঠানকে এই বিধিমালার আওতায় লাইসেন্স প্রদান করা যাইবে নাঃ

তবে শর্ত থাকে যে, দেশী ও বিদেশী যৌথ মালিকানায় প্রতিষ্ঠিত কোম্পানী লাইসেন্স পাইবার যোগ্য হইবে, যদি বিদেশী মালিক বা মালিকদের শেয়ার ধারনের পরিমাণ উক্ত কোম্পানীর মোট শেয়ারের শতকরা ৪৯ (উনপঞ্চাশ) এর বেশী না হয়।

৮। **লাইসেন্সের অধিক্ষেত্র ও মেয়াদ।**- (১) লাইসেন্সিং কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত লাইসেন্স উহার অধিক্ষেত্রে অবস্থিত কাস্টম হাউজ বা কাস্টমস্ স্টেশনের জন্য প্রযোজ্য হইবে।

(২) লাইসেন্সের মেয়াদ হইবে লাইসেন্স প্রদানের তারিখ হইতে পরবর্তী ৪ (চার) বৎসর।

৯। **লাইসেন্সির দায়িত্ব ও কর্তব্য।**- এই বিধিমালার অধীন লাইসেন্সির দায়িত্ব ও কর্তব্য হইবে নিম্নরূপ, যথাঃ-

(ক) প্রতিনিধি হিসাবে মনোনীত ব্যক্তি বা প্রতিষ্ঠান কর্তৃক লাইসেন্সিকে প্রদত্ত ক্ষমতা অর্পণের পত্র (authorisation letter) সংশিষ্ট কর্তৃপক্ষের নিকট দাখিল করা;

(খ) গ্রাহক আইন অনুযায়ী কার্য সম্পাদন করেন নাই বা কোন দলিলে কোন মিথ্যা তথ্য উপস্থাপন করিয়াছেন, তদসম্পর্কে অবগত হইবার সঙ্গে সঙ্গে উহা লিখিতভাবে শুল্ক কর্তৃপক্ষকে অবহিত করা;

(গ) কাস্টমস সংশিষ্ট কার্য সম্পাদনে গ্রাহককে সঠিক তথ্য প্রদান করা;

(ঘ) জানিবার অধিকার রহিয়াছে এমন কোন কাস্টমস্ সংশিষ্ট তথ্য গ্রাহকের নিকট গোপন না করা;

(ঙ) গ্রাহকের নিকট হইতে সরকারের কোন পাওনা প্রাপ্তির সঙ্গে সঙ্গে সরকারী কোষাগারে জমা প্রদান করা এবং সরকারের নিকট হইতে গ্রাহকের পাওনা প্রাপ্তির সঙ্গে সঙ্গে গ্রাহককে প্রদান করা;

(চ) শুল্ক কর্তৃপক্ষের কোন কাজে অযাচিত প্রভাব বিস্তার না করা;

(ছ) সংশি-ষ্ট কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে কাস্টম হাউস বা কাস্টমস্ স্টেশনের রেকর্ড বা শুল্ক কর্তৃপক্ষের অধিকারে থাকা কোন তথ্য সংগ্রহ না করা;

(জ) লাইসেন্স সংশ্লিষ্ট কাজে এমন কোন ব্যক্তিকে নিয়োগ না করা, যাহার লাইসেন্সের আবেদন প্রত্যাখাত হইয়াছে বা বাতিল করা হইয়াছে;

(ঝ) কাস্টম হাউস বা কাস্টমস্ স্টেশনের কোন কর্মকর্তা বা কর্মচারীকে কোন অর্থ ধার বা কর্জ হিসাবে প্রদান না করা এবং এইরূপ কোন কর্মকর্তা বা কর্মচারী কর্তৃক গৃহীত ধার বা কর্জ পরিশোধের জন্য জিম্মাদার না হওয়া;

(ঞ) ব্যবসায়িক অফিসের ঠিকানা পরিবর্তন হইলে, উক্ত পরিবর্তন কার্যকর হইবার সঙ্গে সঙ্গে লাইসেন্সিং কর্তৃপক্ষকে উহা অবগত করা;

(ট) লাইসেন্স সংশ্লিষ্ট আর্থিক লেনদেনের প–র্ণাঙ্গ দলিল এবং উহা দ্বারা ব্যবস্থিত সকল কাস্টমস্ দলিল, চিঠি, বিল, হিসাব কমপক্ষে তিন বৎসর সময়ের জন্য নিজস্ব দপ্তরে সংরক্ষণ ও মজুদ রাখা;

(ঠ) সংশি-ষ্ট কর্তৃপক্ষ কর্তৃক মনোনীত কোনো কাস্টমস্ কর্মকর্তা দফা (ট) এ বর্ণিত কোন দলিল তলব করিলে উহা উপস্থাপন করা এবং উহার কোন অংশ গোপন, অপসারণ বা ধ্বংস না করা;

(ড) লাইসেন্সিং কর্তৃপক্ষের লিখিত অনুমোদন ব্যতিরেকে লাইসেন্সিং কার্যক্রমের কোনরূপ গঠনগত পরিবর্তন না করা।

**১০। খোদ খালাসের জন্য লাইসেন্স প্রদান।**- এই বিধিমালার অন্যান্য বিধিতে যাহা কিছুই থাকুক না কেন, আমদানিকারক ও রপ্তানিকারক কর্তৃক আমদানিকৃত বা রপ্তানিতব্য পণ্য নিজে খালাস করিবার জন্য এই বিধিমালার অধীন লাইসেন্স প্রাপ্তির সকল শর্ত প–রণ করিলে, লাইসেন্সিং

কর্তৃপক্ষ প্রশাসনিক আদেশ দ্বারা, আদেশে উলি-খিত শর্ত ও সীমাবদ্ধতা সাপেক্ষে, উক্ত আমদানিকারক বা রপ্তানিকারককে খোদ-খালাসের লাইসেন্স প্রদান করিতে পারিবে।

**১১। লাইসেন্স নবায়ন**।- (১) লাইসেন্সের মেয়াদ শেষ হইবার ৪৫ (পয়তালি-াশ) কার্যদিবস প—র্বে লাইসেন্স নবায়নের জন্য লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট কাস্টম হাউজের ক্ষেত্রে ১০(দশ) হাজার টাকা এবং ল্যান্ড কাস্টম স্টেশনের ক্ষেত্রে ৫ (পাঁচ) হাজার টাকা নবায়ন ফি পরিশোধপ—র্বক আবেদন করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এর অধীন আবেদন প্রাপ্তির পর লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট লাইসেন্সীর বিগত সময়ের কাজকর্ম সন্তে@াষজনক বিবেচিত হইলে, লাইসেন্সিং কর্তৃপক্ষ উক্ত লাইসেন্স ২০ (বিশ) কার্য দিবসের মধ্যে নবায়ন করিবে।

(৩) উপ-বিধি (১) এর অধীন আবেদন প্রাপ্তির পর লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট যদি প্রতীয়মান হয় যে-

(ক) লাইসেন্সির কার্যক্রম সন্তে@াষজনক নয়; বা

(খ) লাইসেন্সি কর্তৃক লাইসেন্সের মেয়াদকালীন যে পরিমাণ কার্যক্রম পরিচালিত হইয়াছে উহা লাইসেন্সিং কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত সর্বনিম্ন কার্যক্রমের সীমার চেয়ে কম; বা

(গ) লাইসেন্সি তাহার কার্যক্রম পরিচালনা করিতে ব্যর্থ হইয়াছেন;

তাহা হইলে সংশ্লিষ্ট লাইসেন্সিং কর্তৃপক্ষ লাইসেন্স নবায়ন করিবে না এবং উক্ত সিদ্ধান্@ ৭ (সাত) কার্য দিবসের মধ্যে সংশি-ষ্ট লাইসেন্সিকে লিখিতভাবে অবহিত করিবে।

**১২। রেফারেন্স লাইসেন্স প্রদান**।- লাইসেন্সিং কর্তৃপক্ষ আদেশ দ্বারা, আদেশে উলি-খিত নির্ধারিত শর্ত ও সীমাবদ্ধতা সাপেক্ষে, কোন লাইসেন্সিকে লাইসেন্সে উলি-খিত কাস্টম হাউস বা কাস্টমস্ স্টেশন ব্যতীত অন্য কোন কাস্টম হাউস বা কাস্টমস্ স্টেশনের জন্য রেফারেন্স লাইসেন্স প্রদান করিতে পারিবে।

**১৩। লাইসেন্স হস্@ান্@রের ক্ষেত্রে নিষেধাজ্ঞা**।- এই বিধিমালার অধীন প্রদত্ত কোন লাইসেন্স হস্@ান্@রযোগ্য হইবে নাঃ

তবে শর্ত থাকে যে, লাইসেন্সির মৃত্যু জনিত কারণে তাহার বৈধ উত্তরাধিকারী, যিনি এই বিধিমালার অধীন লাইসেন্স পাইবার যোগ্য, তাহার আবেদনের প্রেক্ষিতে লাইসেন্সিং কর্তৃপক্ষ উক্ত বৈধ উত্তারাধিকারীর মৌখিক সাক্ষাৎকার গ্রহণপ—র্বক যোগ্য মনে করিলে, তাহার অনুক—লে লাইসেন্স হস্@ান্@র করিতে পারিবে।

**১৪। স্বাক্ষর প্রদানের ক্ষমতা।**- লাইসেন্সিং কর্তৃপক্ষের অনুমোদনক্রমে লাইসেন্সি তাহার পক্ষে কাস্টমস্ দলিলপত্রে স্বাক্ষর করিবার জন্য এক বা একাধিক ব্যক্তিকে ফরম-ঙ অনুযায়ী দলিল স্বাক্ষরের ক্ষমতা অর্পণ করিতে পারিবেন।

**১৫। কাস্টমস্ সরকার নিয়োগ।**- লাইসেন্সিং কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে, লাইসেন্সি কাস্টমস্ সরকার নিয়োগ করিতে পারিবেন।

**১৬। কমিশন নির্ধারণ।**- বোর্ড, লাইসেন্সি কর্তৃক প্রদত্ত সেবার বিনিময়ে প্রাপ্য কমিশন নির্ধারণ করিতে পারিবে।

**১৭। লাইসেন্স বাতিল।**- লাইসেন্সি কর্তৃক নিম্নবর্নিত এক বা একাধিক কার্যক্রমের কারণে লাইসেন্সিং কর্তৃপক্ষ লাইসেন্সিকে শুনানীর সুযোগ প্রদান করিয়া তাহার লাইসেন্স বাতিল করিতে পারিবে, যথা ঃ-

(১) এই বিধিমালার কোন বিধান বা লাইসেন্সে উলি-খিত কোন শর্ত ভঙ্গ করা হইলে;

(২) কর্তব্য পালনে অবহেলা, দীর্ঘস—ত্রতা বা অদক্ষতা প্রদর্শণ করা হইলে;

(৩) কাস্টমস্ কর্মকর্তাগণের সহিত অসৌজন্যম—ল্যক আচরণ করা হইলে;

(৪) তাহার গ্রাহকের আমদানিকৃত বা রপ্তানিতব্য পণ্যের চালান সম্• র্কে কোন মিথ্যা ঘোষণা উদ্‌ঘাটনের ক্ষেত্রে শুল্ক কর্তৃপক্ষকে যথাযথ সহযোগিতা প্রদানে ব্যর্থ হইলে;

(৫) কাস্টমস্ কর্মকর্তা কর্তৃক চাহিত তাহার আর্থিক লেনদেনের প—র্নাঙ্গ দলিল, উহা দ্বারা ব্যবস্থিত সকল কাস্টমস্ দলিল এবং কাস্টমস্ সংশিষ্ট ব্যবসায়ের সহিত সংশি-ষ্ট সকল চিঠি, বিল, হিসাব গোপন, অপসারণ বা ধ্বংস করিলে অথবা কাস্টমস্ কর্মকর্তাকে উক্ত রেকর্ডসম—হ দেখাইতে অস্বীকৃতি জানাইলে;

(৬) ভয়-ভীতি, মিথ্যা অভিযোগ, বলপ্রয়োগ বা কোন অন্যায় সুযোগ-সুবিধা প্রদানের মাধ্যমে কাস্টমস কর্মকর্তা বা কর্মচারীকে প্রভাবিত করিলে;

(৭) গ্রাহক কর্তৃক কোন মিথ্যা তথ্যের মাধ্যমে শুল্ক-কর ফাঁকির ঘটনা সম্• র্কে অবগত হইবার পর কাস্টমস্ কর্মকর্তার নিকট উক্ত তথ্য না জানাইলে;

(৮) তাহার গ্রাহক কর্তৃক শুল্ক-কর ফাঁকির ঘটনায় সহযোগিতা করিলে;

(৯) প্রযোজ্য কোন শুল্ক-কর ফাঁকি বা প্রচলিত আইনের অধীনে আরোপিত শর্ত বা নিষেধাজ্ঞা এড়াইয়া যাইবার উদ্দেশ্যে কোন জাল দলিল প্রস্তুত করিয়া কাস্টমস্ কর্মকর্তার নিকট দাখিল করিলে;

(১০) প্রযোজ্য কোন শুল্ক-কর পরিহার করিলে;

(১১) যথাসময়ে লাইসেন্স নবায়নের উদ্যোগ গ্রহণ ও নবায়ন না করিলে;

(১২) গ্রাহকের নিকট হইতে বিধি বহির্ভ–ত অর্থ আদায় বা তাহাকে অন্য কোনরূপে হয়রানি করিলে; এবং

(১৩) এই বিধিমালার অধীন অর্পিত কোন দায়িত্ব পালন না করিলে।

**১৮। লাইসেন্স সাময়িক স্থগিতকরণ।**- লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট যদি প্রতীয়মান হয় যে, কোন লাইসেন্সির অনুকূলে প্রদত্ত লাইসেন্স অবিলম্বে স্থগিত করা আবশ্যক, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ বিধি ২০ এর অধীন লাইসেন্স বাতিল করিবার প–র্বে লাইসেন্সের কার্যকারিতা সাময়িকভাবে স্থগিত রাখিতে পারিবে।

**১৯। দণ্ড আরোপ।**- বিধি **১৭** এর অধীন লাইসেন্স বাতিল করা ছাড়াও লাইসেন্সিং কর্তৃপক্ষ সংশি-ষ্ট লাইসেন্সিকে শুনানীর সুযোগ প্রদান করিয়া নিম্নরূপ অর্থদন্ড আরোপ করিতে পারিবে-

(ক) লাইসেন্সির কর্মকান্ড শুল্ক-করের সহিত সংশি-ষ্ট না হইলে **১** (এক) লক্ষ টাকা;

(খ) লাইসেন্সির কর্মকান্ড শুল্ক-কর ফাঁকির সহিত সংশি-ষ্ট হইলে, যে পরিমান শুল্ক-করের ক্ষতি হইয়াছে উহার অনধিক দ্বিগুন পরিমান অর্থ কিন্তু অন–্যন **১** (এক) লক্ষ টাকা।

**২০। অনুলিপি প্রদান।**- প্রদত্ত কোন লাইসেন্স হারাইয়া গেলে বা ছিড়িয়া গেলে বা অন্য কোন প্রকারে উহা কার্যোপযোগী না থাকিলে লাইসেন্সি ৫ (পাঁচ) হাজার টাকা ফি পরিশোধ সাপেক্ষে লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ বরাবরে লিখিত আবেদন করিলে লাইসেন্সিং কর্তৃপক্ষ লাইসেন্সের একটি অবিকল নকল প্রদান করিবে।

**২১। আপীল।**- বিধি **১৭** ও **১৯** এর অধীন লাইসেন্সিং কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত যে কোনো সিদ্ধান্েহর বির" দ্ধে সংক্ষুব্ধ ব্যক্তি, বা কাস্টমস এজেন্ট, এখতিয়ার সম• ন্ন কমিশনার অব কাস্টমস্ (আপীল) এর নিকট, সিদ্ধান্হে প্রদানের ৩০ (ত্রিশ) কার্য দিবসের মধ্যে, আপীল করিতে পারিবে এবং এই বিষয়ে উক্ত কমিশনার অব কাস্টমস্ (আপীল) এর সিদ্ধান্হেই চূড়ান্হে হইবে।

**২২। রহিতকরণ ও হেফাজতকরণ।**- (১) Customs Agents (licensing) Rules, 1986 এতদ্বারা রহিত করা হইল।

(২) উক্তরূপ রহিত করণ সত্ত্বেও উক্ত বিধিমালার অধীনে কৃত কার্যক্রম বা গৃহীত ব্যবস্থা এই বিধিমালার অধীন কৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

**"ফরম-ক''**

**কাস্টমস্ এজেন্টস্ (লাইসেন্সিং) বিধিমালা, ২০০৯ এর অধীন**
**কাস্টমস্ এজেন্টস্ লাইসেন্স প্রাপ্তির আবেদন**
**(বিধি ৫ দ্রষ্টব্য)**

| পাসপোর্ট সাইজের ছবি ৩ (তিন) কপি |
|---|

কোর্ট ফি স্ট্যাম্প

বরাবর.

লাইসেন্সিং কর্তৃপক্ষ
-------------------
-------------------

মহোদয়,
আমি/আমরা --------------------------------------- কাস্টমস্ এজেন্টস্ (লাইসেন্সিং) বিধিমালা, ২০০৯ এর আওতায় কাস্টমস্ এজেন্টস হিসেবে ব্যবসা পরিচালনার জন্য আবেদন করিতেছি।

বিস্@রিত তথ্যাদি নিম্নে প্রদত্ত হইলঃ

১। আবেদনকারীর প—র্ণ নামঃ
২। জাতীয়তাঃ
৩। প্রতিষ্ঠানের নামঃ
৪। প্রতিষ্ঠানের ঠিকানা
৫। ব্যবসার ধরণ (ব্যক্তি মালিকানধীন, যৌথ মালিকানাধীন, অংশীদারীত্বমুলক, লিমিটেড কোম্• ানী ইত্যাদি)ঃ
৬। যৌথকারবারের ক্ষেত্রে অংশীদারগণ/পরিচালকগণ/ ব্যবস্থাপনা পরিচালকগণের নামঃ
৭। লাইসেন্সি কর্তৃক দলিলাদিতে স্বাক্ষরদানের ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির নামঃ
৮। আবেদনকারীর শিক্ষাগত যোগ্যতাঃ
৯। ট্যাক্স আইডেন্টিফিকেশন ও ম—ল্য সংযোজন কর নিবন্ধন নম্বরঃ
১০। একাউন্ট নম্বরসহ সংশিষ্ট ব্যাংকের নাম ও ঠিকানাঃ
১১। প্রতিষ্ঠানের ক্ষেত্রে নিয়োগকৃত জনবলের তালিকাঃ
১২। লাইসেন্স প্রাপ্তির আবেদন প্রত্যাখ্যান করা হইয়া থাকিলে তাহার কারণ, আবেদনের তারিখ, রেফারেন্স ইত্যাদি উল্লেখ করিতে হইবেঃ

আমি/ আমরা প্রত্যয়ন করিতেছি যে, আবেদনপত্রে উল্লিখিত তথ্যাদি এবং সংযুক্ত দলিলাদি সঠিক ও সত্য এবং আমি/আমরা কাস্টমস্ এজেন্টস (লাইসেন্সিং) বিধিমালা, ২০০৯ পড়িয়াছি এবং

আমি/আমরা নিশ্চয়তা প্রদান করিতেছি যে, লাইসেন্স পাইলে আমি/আমরা এই বিধিমালার বিধিনাবলীসহ প্রযোজ্য অন্যান্য সকল বিধানাবলী মানিয়া চলিব।

আপনার বিশ্বস্থ,

তারিখঃ

(আবেদনকারীর স্বাক্ষর ও দাপ্তরিক সীল)

সংযুক্তিঃ (বিধি ৬ এ উলিখিত দলিলাদি সংযুক্ত করিয়া সংযোজিত কাগজপত্রের তালিকা দিতে হইবে)
[নোটঃ আবেদনপত্রে কোন প্রকার ঘষামাজা গ্রহণযোগ্য হইবে না।]

**"ফরম-খ''**
[বিধি ৬(৪)(খ) দ্রষ্টব্য]

## নিরাপত্তা জামানত

২০-- সনের --------------------------নম্বর

এই দলিল দ্বারা সকলকে আবগত করান যা" ছ যে, আমরা এই মর্মে বাংলাদেশের মহামান্য রাস্ট্রপতির নিকট ......................................... টাকার দায়ে আমরা দৃঢ় ভাবে আবদ্ধ যা পরিশোধের জন্য আমি নিজেকে এবং আমাদের প্রত্যেককে, আমাদের এবং অমাদের সকল উত্তোরাধিকার, নির্বাহক এবং প্রশাসক উক্ত অর্থ পরিশোধে আজ দুইহাজার ------ সনের -----------মাসের --------তারিখ দায়বদ্ধ ও দৃঢ়ভাবে আবদ্ধ হইলাম।

যেহেতু কথিত ------------------------------------------- **The Customs Act 1969, (Act IV of 1969) এর ধারা ২০৭ এর আওতায় কাস্টমস্ এজেন্ট হিসাবে নিয়োগপ্রাপ্ত হইয়াছেন এবং কথিত** ------------------------------------------ ধারা ২১৯, উক্ত আইনের তৃতীয় তফশীলের ২১ নং দফার সহিত পঠিতব্য, এর অধীন প্রণীত বিধিমালার আওতায় আবশ্যক এই বন্ডে আবদ্ধ হইতে সম্মত হইলাম, এবং

যেহেতু কথিত ------------------------------------ বাংলাদেশের মহামান্য রাস্ট্রপতির সহিত আমার, আমার করণীক এবং কর্মচারীর কাস্টম হাউজ প্রবিধান এবং সেখানকার কর্মকর্তাদের সাথে বিশ্বস্থ আচরণের জন্য নিরাপত্তা জমানতে আবদ্ধ হইলাম।

অতঃপর উপরে লিখিত বন্ডের শর্ত এই যে যদি কথিত --------------------- এবং তাহার করণীক এবং কর্মচারী এই লাইসেন্স ধারনকালে নিজেরা উপরে বর্ণিত আচরণ কাস্টম হাউজের প্রবিধান মোতাবেক বিশ্বস্@তার সাথে সম্• াদন এবং কাস্টমস্ এজেন্ট হিসাবে তাহার কর্মকান্ড এবং যদি কথিত -----------------------এবং তাহাদের নির্বাহক বা প্রশাসক কৃতকর্ম এবং সকল সময় বাংলাদেশের মহামান্য রাস্ট্রপতির অনুকূলে সকল এবং সমুদয় অর্থ যা কথিত -------------------- বা তাহার করণীক বা কর্মচারীর বৈধ পদ্ধতিতে কৃত অবৈধ কর্মকান্ড বা অবহেলার জন্য প্রাপ্য হইয়াছে তা বাংলাদেশের মহামান্য রাস্ট্রপতি অনুকূলে প্রদান করা না হয় তবে উপরে-লিখিত বন্ড অকার্যকর হইবে; অন্যথায় এটি সম্• –র্ণরূপে কার্যকরী থাকিবে এবং এর ভিত্তিতে ইহা এই মর্মে সম্মত হইয়া ঘোষনা করা হইতেছে যে, বাংলাদেশের মহামান্য রাস্ট্রপতি উপরে বর্ণিত কথিত ---------টাকা যাহা তাহার করণীক বা কর্মচারীর বৈধ পদ্ধতিতে কৃত অবৈধ কর্মকান্ড বা অবহেলার জন্য সরকার প্রাপ্য হইয়াছে তাহা বাংলাদেশের মহামান্য রাস্ট্রপতির অনুকূলে পরিশোধের জন্য ব্যবহার করা যাইবে এবং এই মর্মে সম্মত হইয়াছি যে কথিত -------------টাকা বাংলাদেশের মহামান্য রাস্ট্রপতির অনুকুলে ছয় মাস পর্যন্@ রক্ষিত থাকিবে যাহাতে কথিত ---------------------- কাস্টম এজেন্ট লাইসেন্স বাতিল হওয়ার পর তাহার দ্বারা সংগঠিত কিন্তু উদ্‌ঘাটিত হয়নি এমন বৈধ পদ্ধতিতে কৃত অবৈধ কর্মকান্ড বা অবহেলার জন্য প্রাপ্য অর্থ সরকার কর্তক আদায়ের জন্য এই বন্ডে উল্লেখিত ছয় মাস সময়ের জন্য কার্য়কর থাকিবে। (ইহা আরও সম্মত হইয়াছি যে বাংলাদেশের মহামান্য রাস্ট্রপতি উপরে উল্লেখিত ----------টাকা কথিত-------------------- কর্তৃক তাহার আমদানিকারকের পক্ষে কৃত কোন কার্যক্রমের ফলে কম পরিশোধিত শুল্ক বা অন্য কোন চার্জ সম্• –র্ণ বা আংশিক পরিশোধের জন্য এই বন্ড কার্যকর হতে পারে যদিও Customs Act 1969 এর ধারা ৩২ অনুযায়ী দাবীনামা ইতোমধ্যে জারীকৃত হইয়াছে)।

উপস্থিত সাক্ষীগনের উপস্থতিতে উপরে উল্লেখিত নামীয় কর্তৃক স্বাক্ষরিত, সীলমোহরকৃত ও সরবরাহকৃত

আমার সম্মুখে সম্• াদিত
২০-- সনের ---------তারিখ

১।------------------------------------
২।-----------------------------------

লাইসেন্সিং কর্তৃপক্ষ

**"ফরম-গ''**

[বিধি ৬(৪)(গ) দ্রষ্টব্য]

## বন্ড সম্• াদন

২০-- সনের -------------------------নম্বর

এই দলিল দ্বারা সকলকে আবগত করান যা" ছ যে, আমরা -----------------------------------(ক) -------------------------------------------------(খ) এই মর্মে বাংলাদেশের মহামান্য রাস্ট্রপতির নিকট---------------------টাকার দায়ে আমরা দৃঢ় ভাবে আবদ্ধ যা পরিশেধের জন্য আমি নিজেকে এবং আমাদের প্রত্যেককে, আমাদের এবং আমাদের সকল উত্তোরাধিকার, নির্বাহক এবং প্রশাসক উক্ত অর্থ পরিশোধে আজ দুইহাজার ------ সনের -----------মাসের --------তারিখ দায়বদ্ধ ও দৃঢ়ভাবে আবদ্ধ হইলাম।

যেহেতু কথিত -----------------------------------------(ক) ------------------------------------- **The Customs Act 1969, (Act IV of 1969) এর ধারা ২০৭ এর আওতায় কাস্টমস্ এজেন্ট হিসাবে নিয়োগপ্রাপ্ত হইয়াছেন এবং কথিত** ------------------------------------------- **(খ)** ------------------- ধারা ২১৯, উক্ত আইনের তৃতীয় তফশীলের ২১ নং দফার সহিত পঠিতব্য, এর অধীন প্রণীত বিধিমালার আওতায় আবশ্যক এই বন্ডে আবদ্ধ হতে সম্মত হইলাম, এবং যেহেতু কথিত ------------------------------------ বাংলাদেশের মহামান্য রাস্ট্রপতির সহিত আমার, আমার করণীক এবং কর্মচারীর কাস্টম হাউজ প্রবিধান এবং সেখানকার কর্মকর্তাদের সাথে বিশ্বস্থে আচরণের জন্য নিরাপত্তা জমানতে আবদ্ধ হইলাম।

অতঃপর উপরে লিখিত বন্ড এর শর্ত হইতেছে এই যে কথিত -------------------------------------(ক) --------------------------উভয়ই এই প্রাধিকার ধারনকালে কাস্টম হাউজের প্রবিধান অনুযায়ী বিশ্বস্থতার ও দুর্নীতিবিহীনভাবে সর্বদা কার্য সম্• াদন করিব এবং কাস্টস এজেন্ট হিসাবে তাহার কার্যক্রম এবং (খ) ------------------তাহাদের নির্বাহক বা প্রশাসক কৃতকর্ম এবং সকল সময় বাংলাদেশের মহামান্য রাস্ট্রপতির অনুকূলে সকল এবং সমুদয় অর্থ যা কথিত -------------------------------------- (ক) -----------------------------এর বৈধ পদ্ধতিতে কৃত অবৈধ কর্মকান্ড বা অবহেলার জন্য প্রাপ্য হইয়াছে তা বাংলাদেশের মহামান্য রাস্ট্রপতির অনুকূলে প্রদান করা না হয় তবে উপরে-লিখিত বন্ড অকার্যকর হইবে; অন্যথায় এটি সম্• –র্ণরূপে কার্যকরী থাকিবে।

উপস্থিত সাক্ষীগনের উপস্থিতিতে উপরে উল্লেখিত নামীয় কর্তৃক স্বাক্ষরিত, সীলমোহরকৃত ও সরবরাহকৃত

আমার সন্মুখে সম্• াদিত
২০-- সনের ---------তারিখ

১ ।------------------------------------
২ ।-----------------------------------

লাইসেন্সিং কর্তৃপক্ষ

**"ফরম-ঘ"**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

.................... কাস্টম হাউস/কমিশনারেট

পাসপোর্ট সাইজের
Qwe
1 (GK) Kwc

**কাস্টমস্ এজেন্ট লাইসেন্স**

[(বিধি ৬(৫) দ্রষ্টব্য]

The Customs Act, 1969 (IV of 1969) এর section 207 এর আওতায় -------------------------কাস্টম হাউস/স্টেশনে ক্লিয়ারিং ফরোয়ার্ডিং ও শিপিং এজেন্ট হিসেবে ব্যবসা পরিচালনার জন্য কাস্টমস্ এজেন্টস্ (লাইসেন্সিং) বিধিমালা, ২০০৯ এর বিধি ৬(৫) মোতাবেক এই লাইসেন্স প্রদান করা হইল।

লাইসেন্স নম্বর ঃ
ব্যক্তি/ প্রতিষ্ঠানের নাম ঃ
ঠিকানা ঃ
টেলিফোন / ফ্যাক্স / ই-মেইল ঃ

এই লাইসেন্সটি হস্তান্তরের যোগ্য নয় এবং বিধিমালায় বর্ণিত কোন কারণে বাতিল, সাময়িকভাবে স্থগিত বা নবায়িত করা না হইলে ইস্যুর তারিখ হইতে ৪ (চার) বৎসরের জন্য বহাল থাকিবে।

২। এই লাইসেন্স ............................ কাস্টম হাউস/কাস্টমস স্টেশনের জন্য প্রযোজ্য হইবে।

তারিখ ঃ (লাইসেন্সিং কর্তৃপক্ষের স্বাক্ষর ও সীল)

পূর্ণ ঠিকানা ঃ

লাইসেন্স নবায়ন-

....................হইতে .................................পর্যন্ত

কর্তৃপক্ষের স্বাক্ষর

Òdig-0ÔÔ

[wewa 14 `óe¨]

**কাস্টমস্ দলিলপত্র ইত্যাদিতে স্বাক্ষর প্রদানের ক্ষমতাপত্র**

প্রেরক,
জনাব/মেসার্স ----------------------------------------------------------------------
------------------------------------------------

cÖvcK,
লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ,
-------------------------
------------------|

মহোদয়,

Avwg/Avgiv -------------------------, wVKvbv -------------------------- h_vwewnZ সন্মানপূর্বক জানাচ্ছি যে, আমরা নিম্নবর্ণিত সহকারী, ক্লার্ক বা ------------ Kv÷gm এজেন্ট এর প্রতিনিধিকে কাস্টম হাউজ/ল্যান্ড কাস্টমস্ স্টেশন mswkó e¨emvq h_vt (১) কাস্টমস্ দলিল যেমন বিল অব এন্ট্রি, বিল অব এক্সপোর্ট ইত্যাদি, (২) মেনিফেস্ট, ফেরৎ আদেশ বা ড্রব্যাকের বিলে স্বাক্ষর c`vb, (৩) অর্থ গ্রহণ বা প্রপ্তি আনুমোদন, প্রভৃতি পরিচালনার জন্য স্বাক্ষরের ¶gZv Acb Kwi jvg|

সংরক্ষণের জন্য এধরণের ক্ষমতাপ্রাপ্ত সকলের চারটি নমনা স্বাক্ষর এই সাথে সংযুক্ত করা হইল|

আমি/আমরা এইমর্মে স্বীকৃতি প্রদান করিতেছি যে, উপরে বর্ণিত বিষয় সংশ্লিষ্ট কার্য সম্পাদনের ক্ষেত্রে GB ¯v¶i¸wj GB প্রতিষ্ঠানের এবং উপরে বর্ণিত বিষয়ে সংশ্লিষ্ট কার্য সম্পাদনে কোন দায় `ায়িত্বের উদ্ভব হইলে তাহা আমরা এমন ভাবে গ্রহণ করিব যেন এই স্বাক্ষরগুলি আমি/আমাদের ফার্ম কর্তৃক m¤úvw`Z|

Avcbvi wek¯

1| Rbve------------------------------------------ ¯v¶i----------------------
2| Rbve------------------------------------------ ¯v¶i----------------------
3| Rbve------------------------------------------ ¯v¶i----------------------
4| Rbve------------------------------------------ ¯v¶i----------------------
5| Rbve------------------------------------------ ¯v¶i----------------------

2.00 UvKv মূল্যমানের কোর্ট ফি স্টাম্প সংযুক্ত

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

(হুসেইন আহমেদ)
সদস্য (শুল্ক)।